# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৭৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَن سُلَيْمَان بن صرد قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «مَنْ قَتَلَهُ بَطْنُهُ لَمْ يُعَذَّبْ فِي قَبْرِهِ» رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

### বাংলা

১৫৭৩-[৫১] সুলায়মান ইবনু সুরাদ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাকে তার ’পেটের অসুখ’ হত্যা করেছে, তাকে কবরে শাস্তি দেয়া হবে না। (আহমাদ, তিরমিযী; কিন্তু তিরমিযী হাদীসটিকে গরীব বলেছেন।)[1]

### ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ১০৬৪, নাসায়ী ২০৫২, আহমাদ ১৮৩১১, সহীহ আত্ তারগীব ১৪১০, সহীহ আল জামি‘ আস্ সগীর ৬৪৬১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি পেটের রোগের কারণে মারা গেছে সম্ভবত তা সর্দি, কাশি, শ্বাসকষ্ট।

মা'নাবী বলেনঃ কবরে শাস্তি দেয়া হবে না অন্য কোন স্থানেও শাস্তি দেয়া হবে না, কেননা কবর হল আখিরাতের প্রথম স্তর আর প্রথমে যদি সহজ হয় তাহলে পরে আরও সহজ হবে। সহীহ মুসলিম ও অন্যান্য গ্রন্থে এসেছে শাহীদের সকল গুনাহ ক্ষমা করা হবে তবে ঋণ তা মানুষের অধিকার।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56133

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন